

তারিখ: 08/02/2017

আরবিআই পিম্পল নিলাখ, পুনে, মহারাষ্ট্র স্থিত শ্রী ছত্রপতি আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, -এর লাইসেন্স বাতিল করল

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (আরবিআই) পিম্পল নিলাখ, পুনে, মহারাষ্ট্র স্থিত শ্রী ছত্রপতি আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড -এর লাইসেন্স বাতিল করল। উক্ত আদেশ ফেব্রুয়ারি 07, 2017 কাজের শেষ থেকে কার্যকরী করা হয়। তদুপরি, নিবন্ধক, সমবায় সমিতির, মহারাষ্ট্র-কে অনুরোধ করা হয়েছে ব্যাঙ্কটিকে গুটিয়ে ফেলা এবং লিকুইডেটর নিয়োগ করার জন্য আদেশ জারি করতে।

রিজার্ভ ব্যাঙ্ক উক্ত ব্যাঙ্কটির লাইসেন্স বাতিল করল যেহেতু:

- উক্ত ব্যাঙ্ক, ব্যাঙ্কিং রেগুলেশন (বি আর) অ্যাক্ট, 1949 (এএসিএস)-এর ধারা 11(1) এবং 18-এর অধীনস্থ বিধানসমূহ অনুপালন করেনি।
- ব্যাঙ্কটি এমনভাবে কাজ করছিল যা বর্তমান এবং ভবিষ্যত আমানতকারী তথা জনসাধারণের স্বার্থের পক্ষে হানিকর এবং যা ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এএসিএস)-এর ধারা 22(3)(a), 22(3)(b), 22(3)(c), 22(3)(d), 22(3)(e) এবং 24-এর পরিপন্থী।
- উক্ত ব্যাঙ্ক, তার বর্তমান এবং ভবিষ্যত আমানতকারীদের দাবিমত প্রদেয় রাশি যা তখনই প্রদান করতে হবে বা ভবিষ্যতে প্রদেয় অথবা তা সম্পূর্ণভাবে প্রদান করার মত আর্থিক অবস্থায় ছিল না।
- ব্যাঙ্কের আর্থিক অবস্থার দুর্গতি শুধরোবার জন্য কোন পথ খোলা ছিল না।
- এর পরেও যদি ব্যাঙ্কটির কাজকর্ম চলতে অনুমতি দেওয়া হত তবে জনস্বার্থ বিঘ্নিত হত।

এর লাইসেন্স বাতিলের পরিণতি হিসাবে পিম্পল নিলাখ, পুনে, মহারাষ্ট্র স্থিত শ্রী ছত্রপতি আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, -কে অবিলম্বে বি আর অ্যাক্ট, 1949 (এএসিএস)-এর ধারা 5 (b)-এর সংজ্ঞা অনুসারে 'ব্যাঙ্কিং' কাজকর্ম সম্পাদন করা থেকে নিষিদ্ধ ঘোষণা করা হল।

লাইসেন্স বাতিল এবং লিকুইডেশন কার্যপ্রণালী শুরুর সাথে সাথে, ডিপোজিট ইনস্যুরেন্স অ্যান্ড ক্রেডিট গ্যারান্টি করপোরেশন (ডিআইসিজিসি) অ্যাক্ট, 1961 অনুসারে পিম্পল নিলাখ, পুনে, মহারাষ্ট্র স্থিত শ্রী ছত্রপতি আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর আমানতকারীদের রাশিপ্রদানের প্রক্রিয়া গতিপ্রাপ্ত হবে। লিকুইডেশনের পর, প্রত্যেক আমানতকারী ডিপোজিট ইনস্যুরেন্স অ্যান্ড ক্রেডিট গ্যারান্টি করপোরেশন (ডিআইসিজিসি) থেকে স্বাভাবিক বিধি ও শর্তাদি অনুসারে তার জমা করা আমানতরাশির থেকে স্বাভাবিক বিধি ও শর্তাদি অনুসারে ₹ 1,00,000/- (এক লক্ষ টাকা মাত্র)-এর উর্ধসীমা পর্যন্ত অর্থ ফেরত পাবার অধিকারপ্রাপ্ত হবেন।

প্রেস প্রকাশনি: 2016-2017/2133

অজিত প্রসাদ  
সহায়ক উপদেষ্টা